

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।



[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০২.২০২২/ ৫৫

তারিখ: ২৮/১১/২০২৩ খ্রি:।

বিষয় :- বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য চালান পরবর্তী অর্থবছরের প্রাপ্যতা হতে সমন্বয় সাপেক্ষে খালাসের প্রত্যয়ন পত্র প্রসঙ্গে।

সূত্রঃ মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড এর ১৯/১১/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

০২। সূত্রোক্ত আবেদনে উপস্থাপিত তথ্যমতে তথ্য অনুযায়ী মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লিমিটেড, ঠিকানাঃ বাড়ী নং-৬০/সি, রোড নং-১৩১, গুলশান সাউথ এভিনিউ, ঢাকা ১২১২ (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৯৭, তারিখঃ ১৯/০১/১৯৯৯ খ্রি", ই-বিন নং-০০১২৭২৮২৯-০১০১) দীর্ঘদিন যাবত সুনামের সহিত বাংলাদেশে অবস্থানরত ডিপ্লোমেটিক ও প্রিভিলেজড পার্সনদের নিকট শুল্কমুক্ত পণ্য সরবরাহের মাধ্যমে সেবা প্রদান করে। জাতীয় রাজস্ব বোর্ড এর প্রজ্ঞাপন নং-২৩/২০২২/কাস্টমস/১৮৫, তারিখঃ ২৬/০৫/২০২২ খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানকে ২০২২-২০২৩ অর্থ বছরের ১১.০০ (এগার) লক্ষ মাঃ ডঃ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান বিলম্বিত হওয়ায় উল্লিখিত চালানসমূহ খালাসের জন্য জাতীয় রাজস্ব বোর্ড থেকে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় সাপেক্ষে চট্টগ্রাম বন্দরে পরে থাকা নিম্নলিখিত চালানসমূহ দ্রুত খালাসের অনুমতি প্রদানের জন্য আবেদন জানানো হয়েছে।

S/N	Invoice No. & Date	Bill of Lading No. & Date	Invoice Value	Goods & Quantity
1	2	3	4	5
1	1900731 07/06/2023	MED UGG 339971 21/08/2023	USD 13,920.10	2150 Cases Wine
2	10042441 17/08/2023	OOCO SIN 2300 46900 31/10/2023	USD 46,711.00	1495 Cases Whisky, Gin, Vodka, Rum & Wine
3		Total USD	60631.10	

৩। বর্ণিতাবস্থায়, আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বন্দরে অপেক্ষমান উপরোল্লিখিত ২ (দুই) টি পণ্যচালান নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খালাসের বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো :

শর্ত সমূহ :

- ক। আরোপণীয় শুল্ক-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond ও Risk Bond যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল করতে হবে;
- খ। আমদানিকৃত পণ্য যথাযথভাবে ভাবে বন্ড রেজিস্টারে ইন্ট্র বন্ড ও এক্স বন্ড করতে হবে;
- গ। আলোচ্য ইনভয়েসসমূহ আইনানুগভাবে নিরূপিত শুল্কায়ন মূল্য পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে।

স্বাঃ

এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক :


ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স টস্ বন্ড (প্রাঃ) লি:, বাড়ী নং-৬০/সি, রোড নং-১৩১
গুলশান-১, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০২.২০২২/৫৬(১)

তারিখ: : ২৮/১১/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ২-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি (কমলাপুর), ঢাকা।
- ৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)।
- ০৮-০৯। অফিস কপি/গার্ড কপি।


২৪ Nov 23

এইচ এম আহসানুল কবীর

দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)

ই-মেইল-ssbondnbr@gmail.com